

## **Question Bank for PG Course**

### **বাংলা ( Bengali )**

#### **দ্বিতীয় পত্র (Paper-II)**

#### **Bhasabignan O Sahityatatwa : PGBG-II**

1. 'অষ্টাধ্যায়ী' গ্রন্থটির রচয়িতা কে?
2. ভাষাবিজ্ঞানের ক্ষেত্রে তুলনামূলক পদ্ধতির প্রথম যথার্থ প্রয়োগ কে করেন?
3. 'On the Variety of Human Language Structure'- প্রবন্ধটির রচয়িতা কে?
4. 'Introduction to the Study of Language' (১৯১৪) গ্রন্থটির রচয়িতা কে?
5. 'Transformational Generative Grammar' তত্ত্বের প্রবক্তা কে?
6. আদর্শ চিনা ভাষা রূপতত্ত্বগত ভাবে কোন্ শ্রেণির অন্তর্গত?
7. 'ভাষা-প্রকাশ বাঙ্গালা ব্যাকরণ' (১৯৩৯) গ্রন্থটির রচয়িতা কে?
8. বাংলা ভাষার কম্পিত ধ্বনি কোন্টি?
9. বাংলা ভাষার নাসিক্যধ্বনি কোন্গুলি?
10. পাইক ও পাইক (১৯৪৮)-এর 'দল' বা 'সিলেবল' গঠন বিন্যাস অনুসারে আবশ্যিক স্বরধ্বনির পূর্ববর্তী এক বা একাধিক ঐচ্ছিক ব্যঞ্জনধ্বনিকে কি নামে চিহ্নিত করা হয়?
11. 'পাথিরা' শব্দের মধ্যে মুক্তরূপিমের সংখ্যা কয়টি?
12. ব্যবহার অনুসারে যে দুধরনের বাক্যখণ্ড পাওয়া যায় সেগুলি কী কী?
13. ক্লোর আর্টস ও জন আর্টস- কৃত বাক্যখণ্ডের শ্রেণিবিভাগগুলি কী কী?
14. সম্পূরক বাক্যখণ্ড বা বাক্য যে শব্দ দিয়ে যুক্ত করা হয় তাকে কী বলে?
15. প্রাচীন সংস্কৃতে কারকের সংখ্যা কয়টি?
16. 'গাছ থেকে সে নেমে এল'- রেখাঙ্কিত পদটিকোন্ কারক?
17. 'ওখানে যাও'- ভূমিকা বা ক্রিয়া (function) অনুসারে এটি কোন্ জাতীয় বাক্য?
18. 'মিছিমিছি পরিশ্রম করছ'- এই বাক্যটি কি জাতীয় নঞর্থক বাক্যের উদাহরণ?
19. 'Aspects of the Theory of Syntax'(১৯৬৫) গ্রন্থটির প্রণেতা কে?

20. চমস্কির 'Government and binding' তত্ত্ব পরবর্তীকালে কোন তত্ত্ব হিসেবে পরিচিতি লাভ করে?
21. তোমার পায়ের কাছে সাপ রয়েছে → পায়ের কাছে সাপ- এই দৃষ্টান্তটি বাক্যের কী জাতীয় আন্বয়িক সংবর্তন?
22. ফুলটি হয় রঙিন → রঙিন ফুল- এই দৃষ্টান্তটি বাক্যের কী জাতীয় আন্বয়িক সংবর্তন?
23. 'Sociolinguistics' পরিভাষাটি প্রথম কে ব্যবহার করেন?
24. বর্ণনামূলক সমাজভাষাবিজ্ঞানে কথোপকথনের ক্ষেত্রে প্রধান তিনটি উপাদান কী কী?
25. দুটি মান্য ভাষা যখন পাশাপাশি চলে তখন যে অবস্থা তৈরি হয় তাকে চার্লস ও ফার্ডিনান্দ কি হিসেবে চিহ্নিত করেছেন?
26. ইংল্যান্ডের ভাষাবিজ্ঞানী রিড উপলক্ষ্য (setting) অনুসারে ভাষারীতির বদলকে ('According to use') কি নামে চিহ্নিত করেছেন?
27. 'পিজিন' কোনো ভাষাগোষ্ঠীর মাতৃভাষা বা প্রথম ভাষারূপে গণ্য হলে তা কি নামে পরিচিতি লাভ করে?
28. ভারত সরকারের বিজ্ঞান ও প্রযুক্তিগত পরিভাষা তৈরির প্রথম কমিশন 'Commission of Scientific and Technical Terminology' কত সালে তৈরি হয়?
29. ভারতের রস সূত্র বিশ্লেষণের সূত্রে গড়ে ওঠা অনুমিতিবাদ নামক মতবাদের প্রবক্তা কে?
30. 'On the Sublime' গন্থটির রচয়িতা কে?